# জালালাবাদ গ্যাস টিএ্যান্ডডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

বিনা কারণে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখা আর বিপদকে ডেকে আনা একই বিষয়

## গ্যাস আইন বিষয়ক সতর্কীকরণ বিজ্ঞপ্তি

বাংলাদেশের সমগ্র ভূখন্ড, নির্ধারিত নমুদ্রসীমা ও ইহার অর্থনৈতিক অঞ্চলের প্রাকৃতিক গ্যাস ও উহার সহজাত তরল হাইড্রোকার্বন সঞ্চালন, বিতরণ, বিপণন, সরবরাহ ও মজুদের উদ্দেশ্যে এবং উহাদের যথার্থ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ এবং এতদসংক্রান্ত বিষয়ে বিধান প্রণয়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত আইন (বাংলাদেশ গ্যাস আইন-২০১০) সর্বসাধারণের অবগতির জন্য উক্ত আইনে উল্লেখিত কতিপয় অপরাধ ও উক্ত অপরাধের জন্য দন্ড সংক্ষিপ্ত আকারে নিম্নে উল্লেখ করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | অপরাধ | দন্ড |
|---|---|---|
| অধ্যায় ০৬ অনুচ্ছেদ ১০ | যে কোন শ্রেণীর গ্রাহক কর্তৃক মিটারকে পাশ কাটিয়ে বাইপাস লাইন স্থাপন, মিটারে অবৈধ হস্তক্ষেপ, অবৈধ সংযোগ, বিচ্ছিন্নের পর অবৈধ সংযোগ, রেগুলেটরে অবৈধভাবে চাপ স্থাপন, অতিরিক্ত ক্ষমতার বার্ণার স্থাপন, পরিত্যক্ত রাইজার হতে অবৈধ সংযোগ। | • গৃহস্থালী গ্রাহকের জন্য অনধিক তিন মাস কারাদন্ড বা অনধিক দশ হাজার টাকা অর্থদন্ড বা উভয় দন্ড। একই অপরাধ পুনরাবৃত্তি হলে অন্যূন তিন মাস এবং অনধিক ছয় মাস কারাদন্ড এবং অনধিক বিশ হাজার টাকা অর্থদন্ড।<br>• বাণিজ্যিক গ্রাহকের জন্য অনধিক ছয় মাস কারাদন্ড বা অনধিক বিশ হাজার টাকা অর্থদন্ড বা উভয় দন্ড। একই অপরাধ পুনরাবৃত্তি হলে অন্যূন ছয় মাস এবং অনধিক এক বৎসর কারাদন্ড এবং অনধিক চল্লিশ হাজার টাকা অর্থদন্ড।<br>• শিল্প/মৌসুমী/ক্যাপটিভ/সিএনজি/চা-বাগান শ্রেণীর গ্রাহকের জন্য অনধিক এক বৎসর কারাদন্ড বা অনধিক এক লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ড। একই অপরাধ পুনরাবৃত্তি হলে অন্যূন এক বৎসর এবং অনধিক তিন বৎসর কারাদন্ড এবং অনধিক দুই লক্ষ টাকা অর্থদন্ড।<br>• বিদ্যুৎ/সার গ্রাহকের জন্য অনধিক দুই বৎসর কারাদন্ড বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ড। একই অপরাধ পুনরাবৃত্তি হলে অন্যূন দুই বৎসর এবং অনধিক পাঁচ বৎসর কারাদন্ড এবং অনধিক পাঁচ লক্ষ টাকা অর্থদন্ড। |
| অধ্যায় ০৬ অনুচ্ছেদ ১৫ | নাশকতামূলক কাজ (যে কোন গ্যাস সিস্টেমে ধংসাত্নক কাজ সংগঠন করলে) | নাশকতামূলক কাজের জন্য অনধিক তিন বৎসর কারাদন্ড বা অনধিক পাঁচ লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ড। একই অপরাধ পুনরাবৃত্তি হলে অন্যূন তিন বৎসর এবং অনধিক পাঁচ বৎসর কারাদন্ড এবং অনধিক দশ লক্ষ টাকা অর্থদন্ড। |
| অধ্যায় ০৬ অনুচ্ছেদ ১৬ | প্রতিবন্ধকতা সৃষ্টি (গ্যাস কোম্পানীর কর্মকর্তা বা কর্মচারীকে গ্রাহক আঙ্গিনায় প্রবেশ/সংযোগ স্থান/ সরঞ্জামাদি পরিদর্শনে বাধা প্রদান, আটকে রাখা ইত্যাদি)। | প্রতিবন্ধকতা সৃষ্টির জন্য অনধিক এক বৎসর কারাদন্ড বা অনধিক এক লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ড। একই অপরাধ পুনরাবৃত্তি হলে অন্যূন এক বৎসর এবং অনধিক দুই বৎসর কারাদন্ড এবং অনধিক দুই লক্ষ টাকা অর্থদন্ড। |
| অধ্যায় ০৬ অনুচ্ছেদ ১৭ | পাইপ লাইন, মিটার, রেগুলেটর ইত্যাদি চুরি | গ্যাস সরঞ্জামাদি চুরির জন্য এক বৎসর কারাদন্ড বা অনধিক এক লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ড। একই অপরাধ পুনরাবৃত্তি হলে অন্যূন এক বৎসর এবং অনধিক তিন বৎসর কারাদন্ড এবং অনধিক দুই লক্ষ টাকা অর্থদন্ড। |
| অধ্যায় ০৬ অনুচ্ছেদ ১৮ | চুরিকৃত সামগ্রী ক্রয় বিক্রয় ও দখলে রাখা | চুরিকৃত সামগ্রী ক্রয় বিক্রয় ও দখলে রাখার জন্য অনধিক এক বৎসর কারাদন্ড বা অনধিক এক লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ড। একই অপরাধ পুনরাবৃত্তি হলে অনুন্য এক বৎসর এবং অনধিক তিন বৎসর কারাদন্ড এবং অনধিক দুই লক্ষ টাকা অর্থদন্ড। |

গ্যাস জাতীয় সম্পদ, জাতীয় সম্পদের অবৈধ ব্যবহার না করে সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে বাংলাদেশ গ্যাস আইন ২০১০ অনুযায়ী বর্ণিত অপরাধ যাতে সংঘটিত না হয় সে জন্য জালালাবাদ গ্যাসের সম্মানিত গ্রাহকগণকে আলোচ্য বিষয়ে সজাগ ও সচেতন থাকাসহ এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

জিডি-৪৪১৪ — জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ



# DAP Fertilizer Company Ltd

(An Enterprise of BCIC)

ডিএপি সার ব্যবহার করুন অধিক ফসল ঘরে তুলুন

## Invitation for Tender (Re-Tender)

| | | | |
|---|---|---|---|
| 01. | Ministry/Division | : | Ministry of Industries. |
| 02. | Agency | : | Bangladesh Chemical Industries Corporation. |
| 03. | Procuring entity name | : | DAP Fertilizer Company Ltd, Rangadia, Chittagong-4000. |
| 04. | Invitation for | : | Supply, installation, testing and commissioning of DAPFCL Housing Colony Street & boundary light provided with MDB, MCCB, power cables, electrical poles, metal halide and sodium light with fittings including all other accessories and performing necessary works. |
| 05. | Invitation Ref No. & date | : | DAPFCL/MTS/EE/2010-11/391. |
| 06. | Procurement method | : | Open tendering method. |
| 07. | Source of fund | : | DAPFCL own fund. |
| 08. | Price of tender schedule | : | Tk. 1,250.00 (one thousand two hundred fifty) non-refundable. |
| 09. | Tender last selling date | : | 31.10.2010 in office hour. |
| 10. | Tender closing date & time | : | 01.11.2010 at 12:00 noon. |
| 11. | Tender opening date & time | : | 01.11.2010 at 12:15pm; in presence of tenderers/their authorised representative (if there be any). |
| 12. | Name & address of the office(s) for selling tender document | : | a) Cash Section, Accounts Department, DAPFCL, Rangadia, Chittagong.<br>b) Cash Section, Accounts Deptt, BCIC Branch Office, 6, Agrabad C/A, Chittagong.<br>c) Cash Section, Accounts Division, BCIC Head Office, 6th Floor, 30-31, Dilkusha C/A, Dhaka-1000. |
| | Place of<br>- Receiving tender document<br>and<br>- Opening tender document | : | Office of the General Manager (MTS), Engineering Bhaban, DAP Fertilizer Company Limited, Rangadia, Chittagong-4000. In presence of bidder/authorized representative (if any). |
| 13. | Amount of tender security | : | The amount of tender security Tk. 50,000.00 (fifty thousand) shall be submitted along with the tender in favour of DAPFCL, Rangadia in the form of Bank Draft/Pay Order from any scheduled bank of Bangladesh (otherwise the tender will be rejected). |
| 14. | Eligibility of tenderers/bidders | : | a) Tenderers/bidders should have a "A/B/C" class licence for the electrical works. Photocopy of licence to be submitted with tender schedule.<br>b) Tenderers/bidders should have to be completed at least 2 (two) similar nature of works in any govt./semi-govt./autonomous body/corporation within last 5 years from date of submission of tender. Photocopy of certificate to be submitted with tender schedule. |
| 15. | Special instructions | : | All activities in connection with procurement of works will be guided as per the procedures for implementation of "The Public Procurement Regulations 2008 & Public Procurement Act 2006". |

| Lot No. | Identification of Lot | Location | Price of tender documents (Tk.) | Tender security amount (Tk.) | Completion time in days |
|---|---|---|---|---|---|
| 16. | Supply, installation, testing and commissioning of DAPFCL Housing Colony Street & boundary light provided with MDB, MCCB, power cables, electrical poles, metal halide and sodium light with fittings including all other accessories and performing necessary works. | DAPFCL Housing Colony, Rangadia, Chittagong | Tk. 1,250.00 | Tk. 50,000/- | 45 (forty-five) days |

| | | |
|---|---|---|
| 17. | Designation of official inviting tender | Managing Director, DAPFCL. |
| 18. | Address of official inviting tender | DAPFCL, PO: CUFL, Rangadia, Chittagong-4000. |
| 19. | Contact details of official inviting tender | Ph-031-622301-5 Ext. 7588. |
| 20. | The procuring entity reserves the right to accept or reject all tenders. | |

**Md Nurul Kabir**
General Manager (MTS)-I/C
For Managing Director
DAPFCL, Rangadia, Ctg

GD-4419



# বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮

## দরপত্র বিজ্ঞপ্তি

বিটাক-সাভার-নবীনগর রুট, বিটাক-বোর্ড বাজার রুট, বিটাক-আবদুল্লাহপুর রুট, বিটাক-চিটাগং রোড রুট এবং বিটাক-মিরপুর রুট-এ বিটাকের কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে আনা-নেয়ার জন্য দৈনিকভিত্তিতে টিপ-টপ অবস্থায় ২টি ৫২ আসনবিশিষ্ট এবং ৩টি ৪০ আসনবিশিষ্ট মোট ৫টি বাস (২০০০ইং অথবা তৎপরবর্তী মডেলের) ভাড়ায় সরবরাহের জন্য প্রকৃত বাস মালিক/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রসমূহ আগামী ২৫-১০-২০১০খ্রিষ্টাব্দ তারিখে বেলা ১২:০০ ঘটিকার মধ্যে বিটাক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকার টেন্ডার বাক্সে ফেলার জন্য আগ্রহী সরবরাহকারী/ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুরোধ করা যাচ্ছে। ঐদিন বেলা ১২:০০ ঘটিকায় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।

**শর্তাবলী**

১। দরপত্রের সাথে সিডিউলে উল্লিখিত অংকের টাকার (ফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বিটাকের অনুকূলে সিকিউরিটি মানি হিসেবে জমা দিতে হবে। সিডিউলে উল্লিখিত শর্তাবলী পূরণ করা না হলে দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২। বিটাক কর্তৃক সরবরাহকৃত টেন্ডার সিডিউল ফরমে দরপত্র দাখিল করতে হবে যা বিটাক, ঢাকার ক্যাশিয়ারের নিকট হতে নগদ ৩০০/- (তিনশত) টাকা (অফেরতযোগ্য) প্রদানের মাধ্যমে ক্রয় করা যাবে। দরপত্র খোলার আগের দিন পর্যন্ত টেন্ডার সিডিউল ফরম বিক্রয় করা হবে।

৩। বিটাক কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

মো: আলমগীর ভূঁঞা
সচিব (চ:দা:)
পক্ষে-মহাপরিচালক

জিডি-৪৩৭৯



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেল সুপারের কার্যালয়
জেলা কারাগার
নরসিংদী

স্মারক নং-জে: কা:/নর:/দ:প:(খাদ্য)-০১/২০০৯-২০১০/ তারিখ: ০৭/১০/২০১০খ্রি:

## পুন: দরপত্র বিজ্ঞপ্তি (৩য় বার)

| | | | |
|---|---|---|---|
| ০১। | এজেন্সি/সংস্থা | : | কারা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। |
| ০২। | দরপত্রের নাম | : | নরসিংদী জেলা কারাগারের বিভিন্ন প্রকার খাদ্যদ্রব্য সরবরাহের জন্য কারা ঠিকাদার/ব্যবসায়ী নিয়োগের দরপত্র। |
| ০৩। | ইচ্ছুক দরদাতাদের ন্যূনতম যোগ্যতা | : | দরপত্র সিডিউল অন্যান্য শর্তাবলী ৩ (ক) হতে (ছ) পর্যন্ত। |
| ০৪। | বাজেট ও ফান্ড প্রাপ্তির উৎস | : | জাতীয় রাজস্ব তহবিল। |
| ০৫। | দরপত্র আহবান পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি। |
| ০৬। | দরপত্র দলিল প্রাপ্তির স্থান | : | নরসিংদী জেলা কারাগার কার্যালয়, নরসিংদী। |
| ০৭। | দরপত্র দলিল বিক্রির শেষ তারিখ ও সময় | : | ২৪-১০-২০১০ইং বেলা ২:৩০ ঘটিকা পর্যন্ত। |
| ০৮। | দরপত্র জমা দেওয়ার স্থান, তারিখ ও সময় | : | নরসিংদী জেলা কারাগারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী সদর থানা, নরসিংদী এর কার্যালয়ে রক্ষিত বাক্সে। ২৫-১০-২০১০ইং বেলা ৯:০০ ঘটিকা হতে ১১:৩০ ঘটিকা পর্যন্ত। |
| ০৯। | দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় | : | নরসিংদী জেলা কারাগার কার্যালয়ে ২৫-১০-২০১০ইং বেলা ১২:০০ ঘটিকা। |
| ১০। | দরপত্র দলিলের মূল্য | : | ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা মাত্র। |
| ১১। | নিরাপত্তা জামানতের পরিমাণ | : | গ্রুপ-ক= ৫,০০০/-<br>গ্রুপ-খ= ৫,০০০/-<br>গ্রুপ-গ= ৫,০০০/-<br>গ্রুপ-ঘ= ৫,০০০/-<br>গ্রুপ-ঙ= ৫,০০০/- |
| ১২। | কার্যাদেশের সময়সীমা | : | ০১-৭-২০১০ হতে ৩১-১২-২০১০ইং পর্যন্ত। |
| ১৩। | দরপত্রের সাথে যে সকল কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে | : | দরপত্র সিডিউলের উল্লিখিত শর্তানুযায়ী। |
| ১৪। | দরপত্র আহবানকারীর নাম | : | জেল সুপারের কার্যালয়, জেলা কারাগার, নরসিংদী। |

১৫। দরপত্র সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী জানার জন্য সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষের দপ্তরের সংগে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যেতে পারে।

১৬। কারা অধিদপ্তর ঢাকার স্মারক নং পিডি/ডিটি-৮/২০১০/১৫৫১ তারিখ-৩০/০৯/২০১০ইং শর্তাবলী এই দরপত্রের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন/সকল টেন্ডার বাতিল/গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে।

আল মামুন
জেল সুপার
জেলা কারাগার, নরসিংদী

জিডি-৪৩৬৩



# উপ-নির্বাচন কমিশনারের কার্যালয়

কুমিল্লা অঞ্চল, কুমিল্লা

নং- উনিক(কুমি)/১৬(৩)/২০০৯-ব্যাঃবাঃ(অংশ-১)/৫০৬ তারিখঃ ১৩/১০/২০১০খ্রিঃ

## অকেজো ঘোষিত স্টীলের ব্যালট বাক্স বিক্রয়ের নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

উপ-নির্বাচন কমিশনার, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা কার্যালয়সহ এর আওতাধীন ০৬টি জেলার (ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, চাঁদপুর, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর) জেলা নির্বাচন অফিস ও ৪৪টি উপজেলা নির্বাচন অফিসে রক্ষিত অকেজো ঘোষিত বড় ২০,২৭২টি (কম/বেশী) ও ছোট ১৪,৬২০টি (কম/বেশী)টি স্টীলের ব্যালট বাক্স যেখানে যে অবস্থায় আছে সেখান থেকে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হতে নির্ধারিত সিডিউলে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র আগামী ২৪/১১/২০১০ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে (পৌরভবন, ৪র্থ তলা, কুমিল্লা) রক্ষিত টেন্ডার বাক্সের মাধ্যমে গ্রহণ করা হবে। ঐ দিন বেলা ১.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। জামানত হিসেবে উপ-নির্বাচন কমিশনার, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা এর অনুকূলে ৯৫,০০০/- (পঁচানব্বই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (সিডিউল ব্যাংক থেকে) এবং সিডিউল ক্রয়ের রশিদ দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। নির্ধারিত সিডিউল আগামী ২৩/১১/২০১০ইং তারিখ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে ১,০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে অফেরতযোগ্য অফিস চলাকালীন সময়ে সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত টেন্ডার সিডিউল ক্রয় করা যাবে।

নিম্নস্বাক্ষরকারীর বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরণ করা যাবে, যা নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে অবশ্যই অত্র অফিসে পৌঁছাতে হবে। বিলম্বে দাখিলকৃত/প্রাপ্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

অকেজো ঘোষিত স্টীলের ব্যালট বাক্সগুলো সংশ্লিষ্ট উপ-নির্বাচন কমিশনার অফিস/জেলা/উপজেলা নির্বাচন অফিসে রক্ষিত গোডাউন/স্টোর রুম হতে ওজন করে বিক্রি হবে এবং আগ্রহী ক্রেতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করতঃ বাক্সগুলো পরিদর্শন করতে পারবেন।

যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল ও সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

উপ-নির্বাচন কমিশনার
কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
ফোনঃ ০৮১-৭৪২৯১

জিডি-৪৪১২



# বি আই ডব্লিউ টি সি

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন
(অভ্যন্তরীণ জাহাজ চলাচল প্রতিষ্ঠান)
Bangladesh Inland Water Transport Corporation
(An Inland Shipping Organisation)
৫, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
দূরালাপনী: পিএবিএক্স ৯৫৫৫০৩২-৩৩ ফ্যাক্সঃ ৮৮০-০২-৯৫৬৩৬৫৩/৯৫৫১৬৭০
ই-মেইলঃ info@biwtc.gov.bd. ওয়েব সাইটঃ www.biwtc.gov.bd.

**ফেরী সার্ভিস ইউনিট**

নিরাপদ নৌ-চলাচল ও উন্নত যাত্রী সেবা প্রদানে বিআইডব্লিউটিসি অংগীকারাবদ্ধ।

## জরুরি বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাওয়া-কাওড়াকান্দি নৌ রুটের কবুতরখোলা-কাউলিয়ারচর ক্রস চ্যানেলে প্রচন্ড নাব্যতা সংকট দেখা দিয়েছে এবং উক্ত চ্যানেলে নদীর স্রোত অত্যাধিক বৃদ্ধি পেয়েছে। অগভীর সরু চ্যানেল ও তীব্র স্রোতের কারণে ফেরীগুলোকে নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে না বিধায় ফেরীগুলো চরাবদ্ধ হচ্ছে। নৌ চ্যানেলগুলো ক্রমাগত সংকীর্ণ হয়ে ফেরী পারাপারে অপেক্ষাকৃত অধিক সময় লাগছে। এ ছাড়া চ্যানেলের গতি পথও অতি ঘন ঘন পরিবর্তিত হয়। ফলে ২৪ ঘন্টায় ফেরীসমূহের ট্রিপ সংখ্যা ক্রমান্বয়ে কমে যাচ্ছে এবং গাড়ি পারাপার পূর্বের তুলনায় অনেক কম হচ্ছে। এতে করে কখনো কখনো ঘাটে মাঝে মাঝেই প্রচন্ড যানযটের সৃষ্টি হয়। এ ছাড়াও ফেরীতে পারাপারকারী মালবাহী ট্রাকসমূহের ধারণ ক্ষমতা অতিরিক্ত বোঝাইয়ের কারণে ফেরীর ডেক ও ইঞ্জিন ক্ষতিগ্রস্থ হচ্ছে। ফলে ফেরীসমূহ ঘন ঘন মেরামত করতে হয়।

উপরোক্ত কারণে মাওয়া-কাওড়াকান্দি ফেরী রুটে যানজটের সৃষ্টি হচ্ছে। তাই সম্মানিত যাত্রী সাধারণ ও পরিবহন ব্যবসায়ীদের বর্ণিত বিষয়গুলো পর্যালোচনা করতঃ মাওয়া-কাওড়াকান্দি ফেরী সার্ভিস ব্যবহার করার বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করা যাচ্ছে। বিশেষ করে অসুস্থ্য রোগী বহনকারী এ্যাম্বুলেন্স ও জরুরি সার্ভিসের গাড়িগুলোকে এ রুট ব্যবহার না করার পরামর্শ দেয়া হ'লো।

আদেশক্রমে
কর্তৃপক্ষ
বিআইডব্লিউটিসি

বিআইডব্লিউটিসি/জস/৩১/২০১০-২০১১
জিডি-৪৪২৮



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পঃ পার্বত্য চট্টগ্রাম
শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭

স্মারক নং-এলজিইডি/পিডি/আরআইডিপিঃসিএইচটি/এফ-০১/০৯/৪৮৯ তারিখঃ ১১/১০/২০১০ইং

## দরপত্র বিজ্ঞপ্তি নংঃ ০১/২০১০-১১

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ। |
| ২। | এজেন্সী | ঃ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। |
| ৩। | কাজের নাম | ঃ | আরআইডিপিঃসিএইচটি প্রকল্পের আওতায় Leveling Instruments (Level Machine, Stand & Staff) সরবরাহ। |
| ৪। | দরপত্রের ধরণ | ঃ | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)। |
| ৫। | বাজেট ও তহবিলের উৎস | ঃ | জিওবি। |
| ৬। | ক) দরপত্রের সিডিউল বিক্রয়ের স্থান | ঃ | (১) প্রকল্প পরিচালকের কার্যালয়, আরআইডিপিঃসিএইচটি, এলজিইডি ভবন (৮ম তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭।<br>(২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| | খ) দরপত্রের সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | ঃ | ০২/১১/২০১০ইং (অফিস চলাকালীন সময় পর্যন্ত)। |
| ৭। | ক) দরপত্রের সিডিউল গ্রহণের স্থান | ঃ | প্রকল্প পরিচালকের কার্যালয়, আরআইডিপিঃসিএইচটি, এলজিইডি ভবন (৮ম তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| | খ) দরপত্রের সিডিউল গ্রহণের শেষ তারিখ ও সময় | ঃ | ০৩/১১/২০১০ইং, ১.০০ ঘটিকা। |
| ৮। | ক) দরপত্রের সিডিউল খোলার স্থান | ঃ | প্রকল্প পরিচালকের কার্যালয়, আরআইডিপিঃসিএইচটি, এলজিইডি ভবন (৮ম তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| | খ) দরপত্রের সিডিউল খোলার তারিখ ও সময় | ঃ | ০৩/১১/২০১০ইং, ৩.০০ ঘটিকা (দরপত্রদাতাদের মধ্যে যদি কেউ উপস্থিত থাকেন)। |

৯। দরপত্রের বিস্তারিত বিবরণ, দরপত্রের সিডিউলের মূল্য (অফেরতযোগ্য), বায়নার টাকা ও কাজ সমাপ্তির সময়সীমাঃ

| প্যাকেজের নাম | কাজের বিবরণ | দরপত্রের সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | বায়নার টাকা | কাজ সমাপ্তির সময়সীমা (দিন) |
|---|---|---|---|---|
| আরআইডিপিঃসিএইচটি/সি-০১/২০১০-১১ | পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পঃ পার্বত্য চট্টগ্রাম শীর্ষক প্রকল্পের আওতায় Leveling Instruments (Level Machine, Stand & Staff) সরবরাহ। | ৫০০.০০ | ১৬,৯০০.০০ | ১৫ |

স্বপন কুমার দাশ
প্রকল্প পরিচালক

জিডি-৪৪১৭



# জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী

পরিকল্পনা মন্ত্রণালয়
৩/এ নীলক্ষেত, ঢাকা-১২০৫

## 'Post-Graduate Diploma in Development Planning' শীর্ষক সান্ধ্যকালীন কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একডেমী, আনন্দের সাথে ২৩তম 'উন্নয়ন পরিকল্পনা' বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সের সময়সূচি ঘোষণা করছে। দশ মাসব্যাপী এই কোর্সটি জানুয়ারী, ২০১১ তারিখে শুরু হতে যাচ্ছে। এই কোর্সের আওতায় সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী শিল্প প্রতিষ্ঠান, ব্যাংক, এনজিও, দাতা ও আন্তর্জাতিক সংস্থায় কর্মরত অথবা নব নিয়োগপ্রাপ্ত, মধ্যম স্তরের এবং নির্বাহী কর্মকর্তাদের দক্ষতা ও উৎকর্ষ বৃদ্ধির লক্ষ্যে বাস্তব সম্মত পাঠক্রম প্রণয়ন করা হয়েছে। কোর্সে অংশগ্রহণকারীগণ বাংলাদেশের অর্থনীতি এবং পরিকল্পনা পদ্ধতি, সমসাময়িক বাজার-অর্থনীতি, বিশ্ববাণিজ্য, জাতীয় এবং আন্তর্জাতিক বিনিয়োগ পরিবেশ, বেসরকারীকরণ, উন্নয়নমূলক প্রকল্পসমূহে অর্থায়ন, গবেষণা পদ্ধতি, পরিবেশ ও উন্নয়ন এবং আরও প্রাসঙ্গিক উন্নয়ন কৌশল সম্পর্কিত তাত্ত্বিক ও বাস্তবসম্মত জ্ঞান অর্জনে সক্ষম হবেন। প্রকল্প প্রস্তুতকরণ, সম্ভাব্যতা সমীক্ষা প্রণয়ন এবং উন্নয়নমূলক কর্মসূচীসমূহ বস্তুনিষ্ঠ দক্ষতার মাধ্যমে বাস্তবায়ন ও মূল্যায়ন প্রভৃতি ক্ষেত্রে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কোর্সটি সার্বিক ধারণা এবং জ্ঞানদানে বলিষ্ঠ ভূমিকা পালন করবে।

২। এই কোর্সে রয়েছে ১০টি বিশেষ 'মডিউল'। প্রতিটি মডিউল ১২ থেকে ১৪ কর্মদিবসে সম্পন্ন হবে। সপ্তাহে ৩ দিন ক্লাশ। প্রতিদিন ২টি করে সেশন। প্রতিদিন বিকেল ৬:৩০ হতে রাত ৯:০০ পর্যন্ত একাডেমীর অত্যাধুনিক শীতাতপ ও শব্দ নিয়ন্ত্রিত শ্রেণীকক্ষে অধিবেশন অনুষ্ঠিত হবে। একাডেমীর দক্ষ অনুষদ সদস্যসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ শিক্ষকমন্ডলী, সরকারী ও এনজিওতে কর্মরত উচ্চ স্তরের নির্বাহী কর্মকর্তাবৃন্দ অতিথি বক্তা হিসেবে ক্লাশ নেবেন। অংশগ্রহণকারীগণ সাফল্যজনকভাবে ১০টি মডিউল সম্পন্ন করার পরেই কেবলমাত্র উন্নয়ন পরিকল্পনায় স্নাতকোত্তর ডিপ্লোমা সনদপত্র লাভ করবেন।

৩। ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা নির্বাহী পদে ২ বছরের অভিজ্ঞতাসহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী।

৪। আগ্রহী প্রার্থীগণকে একাডেমী কর্তৃক নির্ধারিত আবেদনপত্র ৩০০.০০(তিনশত)টাকার বিনিময়ে একাডেমীর হিসাব শাখা থেকে সংগ্রহ করে আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ০৭ ডিসেম্বর, ২০১০। নির্বাচিত প্রার্থীগণ নির্ধারিত অর্থের বিনিময়ে সিট খালি থাকা সাপেক্ষে একাডেমীর ডরমিটরীতে থাকার সুবিধা পেতে পারেন।

৫। নির্বাচিত মনোনীত প্রার্থীদের নিবন্ধনের সময় কোর্স ফি বাবদ টাঃ ২০,০০০.০০ (বিশ হাজার টাকা) নগদে অথবা ক্রসড্ চেকের মাধ্যমে " মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী" -এর অনুকূলে দাখিল করতে হবে।

৬। বিস্তারিত তথ্যের জন্য প্রধান প্রশিক্ষক জনাব মোঃ হাসান তারিক (ফোনঃ ৯৬৭৫৪১৬ পিএবিএক্স-৮৬১৪৭০৫-৬/২২০, মোবাইল: ০১৭১৫-৩২৭৮১৭) ও প্রশিক্ষক জনাব মোঃ নুরুল ইসলাম (ফোন: ৮৬২৭৫০৭, ৮৬১৪৭০৫-৬/২২২, মোবাইল: ০১৫৫২-৩৬৩৩৮১)-এর সাথে সকল কর্মদিবসে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

২৪.১০.২০১০
ড. এম. এ. কামাল
মহাপরিচালক

**web site: www.napd.ac.bd**
**Email: info@napd.ac.bd**
GD-4420